প্রতিষ্ঠান এমপিও ভুক্তির আদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং-শাঃ৪/১জি-৭/২০০০/১৬১-শিক্ষা

৭/২/১৪০৯ বঃ
তারিখঃ ---------------
২১/৫ /২০০২ খ্রিঃ

প্রেরক ঃ সৈয়দ জগলুল পাশা,
উপ-সচিব।

প্রাপক ঃ পরিচালক,
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় ঃ ২০০১-২০০২ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/৪/২০০২ ইং তারিখের শাঃ৪/১জি-৭/২০০০/৮৫-শিক্ষা নং স্মারকের আংশিক সংশোধন পূর্বক জানানো যাচ্ছে যে, এতদ্সংগে সংযুক্ত তালিকায় বর্ণিত মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেঃ-

**শর্তাবলী ঃ**

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব-স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শুন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে। তাছাড়া এক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের প্রমোট প্রকল্পের অধীনে প্রশিক্ষনপ্রাপ্ত শিক্ষিকাদের অগ্রাধিকার প্রদান করতে হবে।

(গ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১(এক) বছরের জন্য এম.পি.ও ভূক্ত করা হবে।

(ঘ) প্রতিষ্ঠানকে এক বৎসর সময়কালের মধ্যে পাবলিক পরীক্ষা/সংশ্লিষ্ট পরীক্ষা সমূহে ন্যুনতম ২০% শিক্ষার্থী পাশের হার নিশ্চিত করতে হবে। অন্যথায় সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের এমপিওভূক্তি স্থগিত রাখতে পারে।

(ঙ) ২৪শে অক্টোবর'৯৫ তারিখে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে এমপিওভূক্তি বাতিল করা হবে।

(চ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা(সংযুক্ত-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি ব্যানবেইসে ৩০/৫/২০০২ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এমপিওভূক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গন্য হবে।

২। যথাযথ স্বীকৃতি না থাকলে এমপিওভূক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩। ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভূক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভূক্তির জন্য সরকারী আদেশ ০১/০৫/২০০২ থেকে কার্যকর হবে।

৪। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০১-২০০২ অর্থ বছরের "৩-২৫৪০-০০১৩-নতুন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান-৫৯৩১ বেসরকারি শিক্ষকদের বেতন সহায়তা" খাত থেকে মিটানো হবে।

৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৮/৪/২০০২ ইং তারিখের শাঃ৪/১জি-৭/২০০০/৮৫-শিক্ষা নং স্মারকের অন্তর্ভূক্ত প্রতিষ্ঠানগুলোকে বর্তমান আর্থিক বছরের বরাদ্দকৃত অর্থের প্রেক্ষিতে অগ্রাধিকার ভিত্তিক পুণর্বিবেচনা করা হয়েছে। উক্ত স্মারকের অন্তর্ভূক্ত যে সকল প্রতিষ্ঠানের এমপিওভূক্তি বাতিল করা হয়েছে, সে সকল প্রতিষ্ঠানকে আগামী অর্থ বছর সমূহে সরকারী অর্থ প্রাপ্তির প্রেক্ষিতে বিবেচনা করা হবে।

২১/৫/02

( সৈয়দ জগলুল পাশা )
উপ-সচিব
ফোন ঃ ৮৬১৫০২৩

ক্রমশঃ

নং-শাঃ৪/১জি-৭/২০০০/১৬১-শিক্ষা, তারিখঃ ২১/৫ /২০০২ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ-

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর/কারিগরী শিক্ষা অধিদপ্তর, ঢাকা। সংযুক্ত তালিকায় উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধানকে এবং সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারকে নির্ধারিত তারিখের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণের ব্যবস্থা গ্রহনের নির্দেশ প্রদানের জন্য অনুরোধ করা হলো।

৩। মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় ।

৪। মাননীয় শিক্ষা প্রতিমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় ।

৫। মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয় ।

৬। সচিবের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

৭। জেলা প্রশাসক, ........................................(সকল)।

৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

৯। সহকারী সচিব (বাজেট), শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

১০। জেলা শিক্ষা অফিসার, ..................................................(সকল)

তাঁর জেলাধীন সংযুক্ত তালিকায় বর্ণিত প্রতিষ্ঠানসমূহকে জরুরীভিত্তিতে স্ব-উদ্যোগে অবহিত করে সংযুক্ত নির্দেশিকা অনুযায়ী কাগজপত্র পরিচালক,ব্যানবেইস বরাবর বিশেষ বাহক মারফত নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছানো'র জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১। অধ্যক্ষ/অধ্যক্ষা,প্রধান শিক্ষক/শিক্ষিকা,সুপার, উলিপুর মহিলা ফাজিল মাদ্রাসা, শেরপুর, বগুড়া।

এ বিষয়ে 'চ' নং শর্তে বর্ণিত প্রয়োজনীয় কাগজপত্র পরিচালক,বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), ১ নং সোনারগাঁও রোড,পলাশী-নীলক্ষেত,ঢাকা-১২০৫ এর বরাবরে বিশেষ বাহক মারফত নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে প্রেরণের জন্য আপনাকে অনুরোধ করা হলো।

১২। অধ্যক্ষ/অধ্যক্ষা,প্রধান শিক্ষক/শিক্ষিকা,সুপার, ..........................................................................

..........................................................................................................................

১৩। সংরক্ষণ নথি।

২১/৫/০২

( সৈয়দ জগলুল পাশা )
উপ-সচিব
ফোন ঃ ৮৬১৫০২৩

১জি-৩